

census
2021

আদমশুমারি 2021-এর একটি অংশ হোন

আদমশুমারির তারিখ রবিবার 21শে মার্চ 2021।
আপনি কীভাবে অংশ নেবেন তা আপনাকে জানাতে
একটি আমন্ত্রণ প্যাক পাবেন।

আপনি এতে অংশ নিয়ে এবং অন্যকেও এটি করার
জন্য উৎসাহিত করার মাধ্যমে আপনার এবং আপনার
কমিউনিটির প্রয়োজনীয় সার্ভিস বা পরিষেবাগুলি
পাওয়া নিশ্চিত করতে সহায়তা করবেন।

আদমশুমারি কী?

আদমশুমারি একটি জরিপ যা প্রতি 10 বছর পর পর ঘটে এবং এটা আমাদেরকে ইংল্যান্ড এবং ওয়েলসের সমস্ত লোক এবং গৃহস্থালির একটি চিত্র দেয়।

সরকার, স্থানীয় কাউন্সিল, চ্যারিটি বা দাতব্য সংস্থা এবং অন্যান্য অনেক সংস্থা প্রতিবছর পরিষেবা বা সার্ভিসগুলিতে কয়েক বিলিয়ন পাউন্ড কীভাবে ব্যয় করতে হবে তা নির্ধারণের জন্য আদমশুমারির তথ্য ব্যবহার করে। এর মধ্যে পরিবহন, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে।

যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন সেখানে এ অর্থ ব্যয় হয়েছে তা নিশ্চিত করার জন্য, এটি গুরুত্বপূর্ণ যে আদমশুমারিতে প্রত্যেককে গণনা করা হয়।



আপনার সহায়তা গুরুত্বপূর্ণ

2021 সালের আদমশুমারির জন্য আরও ব্যাপক লোকজনের কাছে পৌঁছাতে আমাদের আপনার সহায়তা প্রয়োজন। পরামর্শ, সহায়তা এবং আস্থাসের জন্য লোকেরা আপনার কাছে আসে।

আপনার কমিউনিটিকে আপনার চেয়ে ভাল আর কেউ জানে না। লোকজনকে অংশ নিতে সহায়তা করার জন্য বিশ্বস্ত স্থানীয় নেতা এবং কমিউনিটির প্রতিনিধিদের সহায়তা জরুরী।

সহায়তা পাওয়া যায়

ইংল্যান্ড এবং ওয়েলসের প্রতিটি পরিবারকে আইন অনুসারে আদমশুমারি শেষ করতে হবে, তবে যাদের প্রয়োজন তাদের জন্য প্রচুর পরিমাণে সাহায্যের ব্যবস্থা থাকবে। এর মধ্যে অনেকগুলি ভাষা এবং ফর্ম্যাটের নির্দেশিকা এবং সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে অনলাইনে আদমশুমারি সম্পন্ন করতে সহায়তাও রয়েছে।

অনুগ্রহ করে আপনার কমিউনিটিকে আমরা যে সহায়তা দেই তা জানান এবং 2021 সালের শুমারিতে অংশ নিতে উৎসাহিত করুন।

স্থানীয় সহায়তা

আমাদের স্থানীয় কমিউনিটি এঙ্গেজমেন্ট কর্মচারীরা আদমশুমারির সময় জনগণকে অংশ নিতে উপকরণ, পরামর্শ এবং ব্যবহারিক সহায়তা দিয়ে সাহায্য করবেন। আপনি এবং আপনার কমিউনিটির যে সাহায্য এবং সহায়তা প্রয়োজন তার ব্যাপারে তারা আপনাকে সাহায্য করতে সক্ষম হবে।



সচেতনতা বৃদ্ধি

আপনার কমিউনিটির সাথে যোগাযোগ, আদমশুমারি কী এবং এটি কেন সবার কাছে গুরুত্বপূর্ণ তা প্রচার করতে আমাদের সহায়তা করুন। লোকজনের কী করা উচিত, কখন এবং কীভাবে তারা সহায়তা পেতে পারে সে সম্পর্কে তথ্য দিয়ে আপনি আমাদের সহায়তা করতে পারেন।

মানুষের কাছে পৌঁছে যাওয়া

আপনার যোগাযোগগুলি আপনার কমিউনিটির যাদের সহায়তা প্রয়োজন তাদের কাছে আমাদের পৌঁছাতে সহায়তা করতে পারে। এটি নিশ্চিত করবে যে প্রত্যেকে অন্তর্ভুক্ত রয়েছে।

আরও খোঁজ করুন

আপনার কমিউনিটিকে সহায়তা করতে একসাথে কাজ করার বিষয়ে আরও জানুন।



www.census.gov.uk



0800 587 2021



@Census2021